দৈনিক
ইত্তেফাক

তারিখ ...30 OCT 2016... 
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

গণিত ও পদার্থ বিজ্ঞান উৎসব সমাপ্ত

# দিনাজপুরে ভাঙল ক্ষুদে বিজ্ঞানীদের মিলনমেলা

■ ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা

দিনাজপুর সায়েন্স একাডেমির উদ্যোগে আয়োজিত দুই দিনব্যাপী ৯ম গণিত ও ৬ষ্ঠ পদার্থ বিজ্ঞান উৎসব গতকাল শনিবার বিকেলে শেষ হয়েছে। শিল্পকলা একাডেমি মিলনায়তনে সায়েন্স একাডেমির সভাপতি প্রফেসর ড. বিকাশ চন্দ্র সরকাররের সভাপতিত্বে এবং সায়েন্স একাডেমির সাধারণ সম্পাদক মো. একরামুল হকের সঞ্চালনায় আয়োজিত গণিত ও পদার্থ বিজ্ঞান উৎসবের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় সংসদরে হুইপ ইকবালুর রহিম এমপি। এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার মো. মাহফুজ্জামান আশরাফ, দিনাজপুর চেম্বারের সিনিয়র সহ-সভাপতি মো. আনোয়ারুল ইসলাম প্রমুখ।

উৎসবের ধারাবাহিকতায় বিজ্ঞান কুইজ, বিজ্ঞান গেমস, বিজ্ঞান প্রদর্শনী, মুক্তিযুদ্ধকে জানি ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. বিধান চন্দ্র হালদার, দিনাজপুর সায়েন্স একাডেমির সভাপতি ড. বিকাশ চন্দ্র সরকার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিয়ানিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক মো. দেলোয়ার হোসেন, সেতাবগঞ্জ ডিগ্রি কলেজের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রধান মো. শাহাদাৎ হোসেন, চেরাডাঙ্গী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মিজানুর রহমান, একাডেমির সহ-সভাপতি জিয়াউল হক, সাধারন সম্পাদক একরামুল হকের প্রশ্নের উত্তর দেয় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা।

উৎসবের শেষ অংশে গণিত বিভাগে প্রাথমিক বিভাগে ২১ জন, জুনিয়র বিভাগে ২৪ জন, সেকেন্ডারি বিভাগে ১৯ জন এবং হায়ার সেকেন্ডারি বিভাগ থেকে ১০ জন, পদার্থ বিজ্ঞান বিভাগে জুনিয়র বিভাগে ২১ জন, সেকেন্ডারি ২০ জন ও হায়ার সেকেন্ডারি বিভাগে ৯ জন ছাড়াও বিজ্ঞান বিতর্কে বিজয়ী দিনাজপুর জিলা স্কুল দল, কুইজে বিজয়ী তিনজন এবং বিজ্ঞান বিষয়ক গেমস-এ ৬ জনসহ মোট ১৭৩ জন বিজয়ী হন।

শেষে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জাতীয় সংসদরে হুইপ ইকবালুর রহিম এমপি বিজয়ী ১৭৩জন শিক্ষার্থীর হাতে ক্রেস্ট ও সম্মননা তুলে দেন।